নিউ ইয়র্ক স্টেট

আপনার ERAP সংক্রান্ত সিদ্ধান্তের বিরুদ্ধে কিভাবে আপিল করতে পারেন

ERAP নির্ধারণ কী?

ERAP নির্ধারণ হল একজন ভাড়াটিয়া এবং/অথবা বাড়ির মালিক কর্তৃক দাখিলকৃত ERAP সহায়তা আবেদনের প্রতি আমাদের সিদ্ধান্ত। আপনি যদি সিদ্ধান্তের কোন অংশ নিয়ে অসম্মত হন, তাহলে আপনি আপিল জমা দিতে পারবেন। আমরা যদি কোনো ভুল করে থাকি তাহলে আমরা সেটি সংশোধন করবো।

দ্রষ্টব্যঃ ERAP নির্ধারণ হল ERAP আবেদন মঞ্জুর বা নাকচ করা। একটি "শর্তাধীন মঞ্জুরি" এবং "180-দিনের নোটিশ" হলএমন নোটিশ যা আপনি পেতে পারেন, কিন্তু সেগুলি ERAP নির্ধারণ নয়।

কে আপিল করতে পারবে?

ভাড়াটিয়া এবং বাড়ির মালিক উভয়ে আবেদন করতে পারবে।

যদি আমি মনে করি যে সিদ্ধান্তটি আংশিক ভুল? আমি কি তখনও আপিল করতে পারবো?

হ্যাঁ। আপনি যদি আপনার নির্ধারণের সম্পূর্ণ বা অংশের সাথে অসম্মত হন, তাহলে আপনি আপিল করতে পারেন।

আমি কিভাবে আপিল চাইতে পারি?

আপনি ফোনে বা অনলাইনে আপিল চাইতে পারেন।

ফোনেঃ

ফোনে আপিল চাইতে অনুগ্রহ করে 844-NY1RENT (844-691-7368) নম্বরে কল করুন। শ্রবণ অক্ষমতা সম্পন্ন ব্যক্তিরা 1-833-843-8829 নম্বরে TTY লাইনে কল করতে পারেন।

অনলাইনে:

অনলাইনে আপিল করার জন্য অনুগ্রহ করে সম্পূর্ণ করুন রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম আপিল ফর্ম. কীভাবে আপিল ফর্ম পূরণ করবেন সে ব্যাপারে পড়ুন ERAP আপিল ফর্ম নির্দেশাবলী।

আপিল দাখিল করার জন্য আমার শেষ সময় কবে?

আপনার ERAP নির্ধারণ নোটিফিকেশন প্রাপ্তির তারিখের পর থেকে আপনার কাছে আপিল দাখিল করার জন্য ত্রিশ (30) দিন সময় রয়েছে।

আমি যদি 30 দিনের আপিলের সময়সীমা ধরতে না পারি, তাহলে কী হবে?

আপনি যদি মনে করেন যে আপনি আপিলের সময়সীমা ধরতে পারেননি, তাহলে আপনার উচিৎ আপিলের আবেদন করা এবং আপনি কেন আপিলের সময়সীমা ধরতে পারেননি তার কারণ ব্যাখ্যা করা।

আমি কেন মনে করি যে সিদ্ধান্তটি ভুল এবং আমি কেন আপিল করছি তা আমি কখন ব্যাখ্যা করবো?

আপনি যদি ফোন দিয়ে আপনার আপিল দাখিল করেন, তাহলে আপনি এজেন্টকে বলতে পারেন কেন আপনার আপিল প্রয়োজন। আপনার আপিল সমর্থন করার জন্য আপনি ডকুমেন্ট আপলোড করতে পারবেন এবং আপনার ডকুমেন্ট সহ একটি লিখিত ব্যাখ্যা অন্তর্ভুক্ত করতে পারেন। আপনি যদি অনলাইনে আপিল জমা দেন, তাহলে আপনি আপিল ফর্মে কেন আপনি আপিল করছেন তা ব্যাখ্যা করতে পারবেন। এছাড়া আপনি যদি ডকুমেন্ট আপলোড করেন, তাহলে আপনার কাছে একটি লিখিত ব্যাখ্যা অন্তর্ভুক্ত করার বিকল্প থাকবে।

আমি কি আপিল করার নিশ্চিতকরণ পাবো?

হ্যাঁ। আপনি যদি ফোনে আপিল জমা দেন, তাহলে ফোনেরএজেন্ট আপনাকে একটি সেবা অনুরোধ নম্বর প্রদান করবেন। আপনি যদি অনলাইনে আপিল জমা দেন, তাহলে আপনি একটি পপআপ মেসেজ দেখতে পাবেন যাতে লেখা রয়েছেঃ "ধন্যবাদ! আপনার রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম আপিলের অনুরোধের ফর্ম জমা করা হয়েছে। অনুগ্রহ করে আপনার রেকর্ডের জন্য এই পেজের একটি স্ক্রিনশট নিন অথবা এটি প্রিন্ট করে রাখুন।"

আপনি আপিল করার পরঃ নিশ্চিতকরণ নোটিশ এবং যেকোনো বাড়তি ডকুমেন্ট জমা দেওয়ার জন্য 10 দিন।

আমি আপিল আবেদন করার পর কী হবে?

আপনি আপিল দাখিল করার পর আমাদের কাছ থেকে একটি লিখিত কনফার্মেশন নোটিশ পাবেন আমাদের কাছ থেকে কীভাবে যোগাযোগের তথ্য পাবেন, সে ব্যাপারে আপনার পছন্দ অনুযায়ী ইমেইলে বা সাধারণ ডাকের মাধ্যমে আপনাকে পাঠানো হবে। এই নোটিশ নিশ্চিত করে যে আমরা আপনার আপিল পেয়েছি এবং ব্যাখ্যা করা হয় যে আমাদের সিদ্ধান্ত কেন ভুল ছিল বলে আপনি মনে করেন, সে ব্যাপারে ব্যাখ্যা করতে কোনও অতিরিক্ত ডকুমেন্ট দেওয়ার জন্য আমাদের কাছ থেকে কনফার্মেশন নোটিশ পাওয়ার পর আপনার কাছে দশ (10) দিন সময় আছে।

আমার আপিল সমর্থনে আমি কিভাবে ডকুমেন্ট জমা দিতে পারি?

আপনার ডকুমেন্ট আপলোড করার জন্য নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণ করার মাধ্যমে আপনার ডকুমেন্ট জমা করতে পারেন:

1. এই লিঙ্কে ক্লিক করুন: https://nysrenthelp.otda.ny.gov/en/।
   a. আপনি যদি ভাড়াটিয়া হন, তাহলে স্ক্রোল ডাউন করুন এবং পেজের নিচে "Upload Tenant Documents" (ভাড়াটিয়ার ডকুমেন্ট আপলোড করুন)-এ ক্লিক করুন। আপনার ERAP আবেদনের নম্বর এবং জন্ম তারিখ লিখুন। ডকুমেন্টের প্রকার ড্রপডাউন মেনুতে অনুগ্রহ করে মনে রাখবেন যে একটি "Appeal" (আপিল) হিসাবে ডকুমেন্ট আপলোড করতে হবে। নিচে ডকুমেন্টের প্রকার ড্রপডাউন মেনুতে "Select File" (ফাইল বেছে নিন) বোতামে ক্লিক করার মাধ্যমে যথাযথ ডকুমেন্ট আপলোড করুন। এবার আপনি পপ-আপ উইন্ডো থেকে যথাযথ ডকুমেন্ট বেছে নিন এবং "Open" (খুলুন)-এ ক্লিক করুন। "Select File" (ফাইল বেছে নিন) বোতামের নিচে ফাইলের শিরোনাম দেখা যাবে। সব শেষে "I am not a robot" (আমি রোবোট নই) বক্সের পাশে ক্লিক করার মাধ্যমে একটি ক্যাপচা যাচাইকরণ সম্পূর্ণ করুন এবং ডকুমেন্ট আপলোড চূড়ান্ত করতে "Upload Documents" (ডকুমেন্ট আপলোড

করুন) বেগুনি বোতামে ক্লিক করুন। অনুগ্রহ করে একটি করে ডকুমেন্ট আপলোড করুন এবং দাখিল করুন।

b. আপনি যদি ল্যান্ডলর্ড বা মালিক হন, তাহলে অনুগ্রহ করে আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন। তারপর ল্যান্ডলর্ড/মালিক সেকশনে যান এবং পেজের ডানদিকে ল্যান্ডলর্ড/মালিক মেনুর নিচে "Upload Documents" (ডকুমেন্ট আপলোড করুন)-এ ক্লিক করুন। তারপর প্রথম ড্রপডাউন মেনু থেকে আপনার মালিকানার নম্বর/আইনী সত্ত্বা বেছে নিন। আপনার আগে বেছে নেওয়া মালিকানার নম্বর/আইনী সত্ত্বায় অ্যাটাচ করা আবেদনের লিস্ট থেকে ERAP আবেদনের নম্বর বেছে নিন। তারপর ডকুমেন্টের প্রকার ড্রপডাউন মেনু থেকে "Appeal" (আপিল) বেছে নিন। তারপর নিচে ডকুমেন্টের প্রকার ড্রপডাউন মেনু থেকে "Select File" (ফাইল বেছে নিন) বোতামে ক্লিক করার মাধ্যমে যথাযথ ডকুমেন্ট আপলোড করার জন্য বেছে নিন। পপ-আপ উইন্ডো থেকে যথাযথ ফাইল বেছে নিন এবং "Open" (খুলুন)-এ ক্লিক করুন। "Select File" (ফাইল বেছে নিন) বোতামের নিচে ফাইলের শিরোনাম দেখা যাবে। সব শেষে "I am not a robot" (আমি রোবোট নই) বক্সের পাশে ক্লিক করার মাধ্যমে একটি ক্যাপচা যাচাইকরণ সম্পূর্ণ করুন এবং ডকুমেন্ট আপলোড চূড়ান্ত করতে "Upload Documents" (ডকুমেন্ট আপলোড করুন) বেগুনি বোতামে ক্লিক করুন। অনুগ্রহ করে একটি করে ডকুমেন্ট আপলোড করুন এবং দাখিল করুন।

আমার আপিল সমর্থনে ডকুমেন্ট আপলোড করতে আমি সমস্যার সম্মুখীন হচ্ছি। আমি কিভাবে সাহায্য পেতে পারি?

আপনি নিম্নলিখিত যেকোনো উপায়ে আমাদের সাথে যোগাযোগ করতে পারেনঃ

- আমাদের সাথে ফোনে যোগাযোগ করুন: 844-NY1RENT (844-691-7368)
- যাদের কানে শুনতে সমস্যা হয়, তাদের জন্য TTY ফোন নম্বর: 1-833-843-8829
- কমিউনিটি-ভিত্তিক সংগঠন (CBO) এর সাথে যোগাযোগ করুন– ভাড়াটিয়া এবং ল্যান্ডলর্ডকে সাহায্য করার জন্য উপলভ্য কমিউনিটি-ভিত্তিক সংগঠনের লিস্ট দেখুন।

আমার আপিল সমর্থনে আমাকে কি ডকুমেন্ট জমা দিতে হবে?

না। আপনাকে আপনার আপিল সমর্থন করতে নতুন কোন ডকুমেন্ট জমা দিতে হবে না। আপনি কেন মনে করেন যে আমাদের সিদ্ধান্ত ভুল ছিল তা জানিয়ে আপনি যদি আপনার নিশ্চিতকরণ বিজ্ঞপ্তি পাবার দশ (10) দিনের মধ্যে বাড়তি ডকুমেন্ট আপলোড না করেন, তাহলে আমরা আমাদের কাছে ইতোমধ্যে যেসব ডকুমেন্ট আছে তার ভিত্তিতে আপনার আবেদন পর্যালোচনা করবো। একটি পর্যালোচনা দল আপনার আবেদনটি এবং আবেদনের সাথে আপনার জমা দেওয়া ডকুমেন্টগুলি আবার দেখবে।

আমরা কিভাবে আপনার আপিলের সিদ্ধান্ত নেব?

আপনার আপিল একজন স্বতন্ত্র আপিল স্পেশালিস্টের কাছে অ্যাসাইন করা হয়, যিনি আপনার আপিলের সমর্থনে জমা করা কোনও অতিরিক্ত ডকুমেন্ট, কেন আপনি সিদ্ধান্তের সাথে সম্মত নন তা ব্যাখ্যা করার জন্য আপনার দেওয়া কোনও তথ্য, আপনার আবেদনের সমর্থনে জমা করা ডকুমেন্ট, আপনার প্রাথমিক আবেদন পর্যালোচনা করবেন। আপিল বিশেষজ্ঞ আপনার আপিল মঞ্জুর করা হবে কি না সে সংক্রান্ত একটি সুপারিশ করবেন। তারপর একজন দ্বিতীয় পর্যালোচনাকারী এসব কিছু দেখবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। আপনার আপিলের ব্যাপারে আমরা চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার পর আপনি একটি নোটিশ পাবেন, যেখানে উল্লেখ করা থাকবে কেন প্রথম সিদ্ধান্ত সঠিক ছিল বা ভুল ছিল এবং

সংশোধন করা হবে, যেটি আমাদের কাছ থেকে যোগাযোগের তথ্য পেতে আপনার পছন্দ অনুযায়ী ইমেইলে বা সাধারণ ডাক মাধ্যমে পাঠানো হবে।

আমার যদি আপিল প্রক্রিয়া সম্পর্কে প্রশ্ন থাকে তাহলে?

যদি আপনার কোনো প্রশ্ন থাকে, আমাদের কাস্টমার কেয়ার টিমকে সোমবার-শনিবার সকাল 8টা থেকে সন্ধ্যা 7টা EST পর্যন্ত পাওয়া যাবে। আপনি নিম্নলিখিত যেকোনো উপায়ে আমাদের সাথে যোগাযোগ করতে পারেনঃ

- আমাদের সাথে ফোনে যোগাযোগ করুন: 844-NY1RENT (844-691-7368)
- যাদের কানে শুনতে সমস্যা হয়, তাদের জন্য TTY ফোন নম্বর: 1-833-843-8829
- ওয়েবচ্যাটের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন: একজন প্রতিনিধির সাথে চ্যাট করুন।